**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৮৭ তারিখঃ ২৮-১০-২০১৯

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৯-২০ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভুক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অক্টোবর, ২০১৯ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২৮-১০-২০১৯ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি নিম্ম স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২৮/১০/২০১৯
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৫৯৯৭
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপ-পরিচালক, (আরইটিসি) কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

F:\working file\old file\Digital file\06.001.12-P&D (Converted).doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| তারিখ | : | ১০ অক্টোবর, ২০১৯ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের আগস্ট, ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** গত ০২/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ০২/০৯/২০১৯ তারিখে আগস্ট,২০১৯ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ০২/০৯/২০১৯ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৯-২০ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি'র কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০২টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক এডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ৫৮৩৬.০০ লক্ষ টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১৩১.৫০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০২টি বিনিয়োগ প্রকল্পের আওতায় ৭১৭.০০ লক্ষ (১২.২৮%) টাকা ছাড় করা হলে সেপ্টেম্বর, ১৯ পর্যন্ত ১৩৯.০০ লক্ষ (২.৩৬%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ৩২.৮৭৫ লক্ষ (২৫%) টাকা ছাড় করা হলে সেপ্টেম্বর, ১৯ পর্যন্ত ২.০০ লক্ষ ( ৬.০৮%) লক্ষ টাকা ব্যয় করা হয়। প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এছাড়া স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)(বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের আরপিএ'র অর্থ ছাড় না হওয়ার বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের হার অর্থ ছাড় অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি গতিশীল করার লক্ষ্যে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন।

**২.২** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) শীর্ষক প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী অক্টোবর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

অতিদ্রুত ম্যাচিং গ্রান্ড এর নীতিমালা করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় যে সকল কৃষক বিপণন দল নিয়ে প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনার ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হবে তার একটি ডাটা বেইজ (সফট ও হার্ড কপি) প্রকল্প কার্যলয়ে সংরক্ষণ ও কৃষি বিপণন অধিদপ্তরে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া প্রতি উপজেলা ভিত্তিক কৃষক,ব্যবসায়ী ও উদ্যোক্তাদের তালিকা তৈরী করে প্রকল্প কার্যলয়ে সংরক্ষণ করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৩ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পের আওতায় যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে অক্টোবর,২০১৯ এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করাসহ ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্হাপত্য নকশা ও ব্যয় প্রাক্কলন অনুযায়ী নির্মাণ কার্যক্রম শুরূ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা দেন। প্রকল্পের আওতায় যে সকল কৃষক বিপণন দল নিয়ে প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনার ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হবে তার একটি ডাটা বেইজ সফট ও হার্ড কপি প্রকল্প কার্যলয়ে সংরক্ষণ ও কৃষি বিপণন অধিদপ্তরে প্রেরণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা দেন। ভূমি উন্নয়ন, ফুলের পাইকারী বাজার নির্মাণ, এসেম্বল সেন্টার নির্মাণ, ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণ, জীপ ক্রয় ও মটর সাইকেল ক্রয় কার্যক্রম বিষয়ে প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভা আহবানের জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.৪: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় ২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০ ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহের নিমিত্ত আগামী অক্টোবর,২০১৯ এর মধ্যে কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পাদনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া কর্মসূচির আওতায় গৃহীত ডিজিটাল ডিসপ্লেবোর্ডে গুলো কৃষি বিপণন অধিদপ্তরের সম্পত্তি হিসেবে এর যাবতীয় মনিটরীং করার জন্য বিভাগীয় উপ-পরিচালকদের নির্দেশনা প্রদান করেন।

২.৫: কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি এর মাধ্যমে কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত আগামী অক্টোবর,২০১৯ এর মধ্যে দরপত্রের কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পাদনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির সকল দরপত্র আহবানের কাজ অক্টোবর,২০১৯ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে এবং ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া এখন থেকে প্রতিমাসের প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ের প্রদত্ত ছকে সঠিকভাবে প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নিধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | (ক) প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী অক্টোবর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করতে হবে।<br>(খ)অতিদ্রুত ম্যাচিং গ্রান্ড এর নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>(গ) প্রকল্পের সকল কৃষক বিপণন দল এর ডাটা বেইজ (সফট ও হার্ড কপি) এবং প্রতি উপজেলা ভিত্তিক কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের তালিকা তৈরী করে প্রকল্প কার্যালয়ে সংরক্ষণ করতে হবে এবং প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.২ | (ক) প্রকল্পের আওতায় যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে অক্টোবর,২০১৯ এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করাসহ ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রাক্কলন অনুযায়ী নির্মাণ কার্যক্রম শুরূ করতে হবে।<br><br>(খ) প্রকল্পের সকল কৃষক বিপণন দল এর ডাটা বেইজ (সফট ও হার্ড কপি) এবং প্রতি উপজেলা ভিত্তিক কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের তালিকা তৈরী করে প্রকল্প কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।<br>(গ)ভূমি উন্নয়ন, ফুলের পাইকারী বাজার নির্মাণ, এসেম্বল সেন্টার নির্মাণ, ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণ, জীপ ক্রয় ও মটর সাইকেল ক্রয় কার্যক্রম বিষয়ে প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভা আহবানের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প |
| ৫.৩ | ২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০টি ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহের নিমিত্ত আগামী অক্টোবর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |
| ৫.৪ | অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় গৃহীত ডিজিটাল ডিসপ্লেবোর্ডে গুলো কৃষি বিপণন অধিদপ্তরের সম্পত্তি হিসেবে এর যাবতীয় মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| ৫.৫ | কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত অক্টোবর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান ও প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি। |
| ৫.৬ | প্রকল্প/কর্মসূচির সকল দরপত্র আহবানের কাজ অক্টোবর,২০১৯ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে এবং ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৭ | প্রতিমাসের প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ের প্রদত্ত ছকে সঠিকভাবে প্রদান করতে হবে। | সকল প্রকল্প পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর